Sanatan Dharma



**জগতগুরু শঙ্করাচার্যের আবির্ভাব**

যখন গোটা ভারতবর্ষ থেকে সনাতন ধর্ম ম্লান হয়ে পড়েছিল।ঠিক সেই সময়ে ৭৮৮ খ্রিষ্টাব্দে বৈশাখী শুক্লা পঞ্চমী তিথিতে শঙ্করাচার্য জন্মগ্রহন করেন।কোষ্ঠীবিচারে জানতে পারেন তার আয়ু ছিল মাত্র ১৬ বছর।পরে ব্যাসদেবের কৃপায় তার আয়ু আরো ১৬ বছর বৃদ্ধি পায়।ছোট থেকেই শঙ্করাচার্য পান্ডিত্য অর্জন করেন।সনাতন ধর্ম যখন এ উপমহাদেশ থেকে বিলুপ্তির পথে তখন তিনি পদব্রজে গোটা ভারতবর্ষ ভ্রমন করে ভারতের চার প্রান্তে চারটি মঠ স্থাপন করেন।যথা:দ্বারকায় সারদা মঠ,পুরীতে গোবর্ধন মঠ,জ্যোতির্ধামে যোশীমঠ এবং রামেশ্বরে শৃঙ্গেরী মঠ।শঙ্করাচার্যের ধর্মের মুল কথা অদ্বৈতবাদ।তিনি বলেন ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা।যা ঠাকুর নিগমানন্দ গ্রহন করেন।শঙ্করাচার্যের জ্ঞানপথ আজ সর্বত্র সমাদৃত।মাত্র ৩২ বছর বয়সে উত্তরাখন্ডের কেদারনাথে তিনি ইহলীলা সংবরন করেন।

Published on: Apr, 26 2023 10:43